বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ

১৪/৬-১৪/২৩পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬

ফোন- ০১৭৬৯-৭২১০১০, ফ্যাক্স- ০৯৬০৬২৪৮২৪৮

ই-মেইল: regoffice@bsmrmu.edu.bd, ওয়েবঃ www.bsmrmu.edu.bd

বিজ্ঞপ্তি নম্বরঃ বিএসএমআরএমইউ/রেজি-৩১১/১৭/০৩

তারিখঃ ১৫/১০/২০১৭

নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ২০১৩ সনের ৪৭ নং আইন দ্বারা প্রতিষ্ঠিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর জন্য নিম্নবর্ণিত পদসমূহে নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে আবেদনপত্র আহ্বান করা যাইতেছে:

ক্রমিক নং	পদের নাম (বেতনক্রম), পদসংখ্যা	সর্বোচ্চ বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	উপ-পরিচালক (অর্থ ও হিসাব) ৪৩,০০০-৬৯,৮৫০/- - ০১ (এক) জন	৪০ বৎসর	(ক) শিক্ষাগত যোগ্যতা: কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে হিসাব বিজ্ঞান/ফাইন্যান্স/ম্যানেজমেন্ট/ মার্কেটিং/অর্থনীতি/ব্যবসায় শিক্ষা বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। উচ্চতর ডিগ্রি/প্রশিক্ষণ/কম্পিউটার ব্যবহারে দক্ষতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য; (খ) অভিজ্ঞতা: কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সহকারী পরিচালক (অর্থ ও হিসাব/বাজেট/অডিট)/সমমানের পদে কমপক্ষে ৫ বৎসরের অভিজ্ঞতাসহ ৯ম বা তদূর্ধ্ব গ্রেডে মোট১০ বৎসরের চাকুরির অভিজ্ঞতা; (গ) সমযোগ্যতা সম্পন্ন অভিজ্ঞ সামরিক বাহিনীর (অবঃ) কর্মকর্তাগণ আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়ঃসীমা শিথিলযোগ্য।
২.	সহকারী-পরিচালক (একাডেমিক কোয়ালিটি এ্যাসুরেন্স অ্যান্ড ইভালুয়েশন ডিপার্টমেন্ট) (২৯০০০-৬৩,৪১০/-) - ০১ (এক) জন	৩৫ বৎসর	(ক) শিক্ষাগত যোগ্যতা: কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর ডিগ্রি। উচ্চতর ডিগ্রি/প্রশিক্ষণ/কম্পিউটার ব্যবহারে দক্ষতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য; (খ) অভিজ্ঞতা: কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে শিক্ষা/গবেষণা/মূল্যায়ন সংক্রান্ত কাজে সেকশন অফিসার/সমমান পদে ৯ম বা তদূর্ধ্ব গ্রেডে ৩ বৎসরের অভিজ্ঞতাসহ মোট ৫ বৎসর চাকুরির অভিজ্ঞতা; (গ) সমযোগ্যতা সম্পন্ন অভিজ্ঞ সামরিক বাহিনীর (অবঃ) কর্মকর্তাগণ আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়ঃসীমা শিথিলযোগ্য।
৩.	এসিস্ট্যান্ট নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার ২২,০০০-৫৩,০৬০/- - ০১ (এক) জন	৩০ বৎসর	(ক) শিক্ষাগত যোগ্যতা:কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিএসসি ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার সায়েন্স/ ইনফরমেশন টেকনোলজি/ সফটওয়্যার /ইলেক্ট্রনিক্স এন্ড কমিউনিকেশন/ টেলিকমিউনিকেশন/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স/ ফলিত পদার্থ বিজ্ঞান ও ইলেক্ট্রনিক্স এ বিএসসি অনার্স ডিগ্রি/সমমান; (খ) অভিজ্ঞতা: কোন পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/ আধা-সরকারি /স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/ ডিগ্রি পর্যায়ের সরকারী শিক্ষাপ্রতিষ্ঠানে লিন্যাক্স/ মাইক্রোসফট উইন্ডোজ এনটিতে কাজের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থী অগ্রাধিকার পাইবেন; (গ) সমযোগ্যতা সম্পন্ন অভিজ্ঞ সামরিক বাহিনীর (অবঃ) কর্মকর্তাগণ আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়ঃসীমা শিথিলযোগ্য।
৪.	পিএ (১২৫০০-৩০২৩০/-) - ০২ (দুই) জন	৩০ বৎসর	(ক) শিক্ষাগত যোগ্যতা: কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রি। সেক্রেটারিয়্যাল সায়েন্সে প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থী অগ্রাধিকারযোগ্য। (খ) অভিজ্ঞতা: (১) শর্টহ্যান্ডে প্রতি মিনিটে ইংরেজিতে কমপক্ষে ৮০ শব্দ ও বাংলায় ৬০ শব্দ এবং টাইপে প্রতি মিনিটে ইংরেজিতে কমপক্ষে ৪০ শব্দ ও বাংলায় ৩০ শব্দের গতি; (২) কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত স্ট্যান্ডার্ড অ্যাপটিচিউট টেস্টে উত্তীর্ণ এবং অফিস পরিচালনা সংক্রান্ত বিভিন্ন কম্পিউটার ব্যবহারিক প্রোগ্রাম যেমন, এমএস ওয়ার্ড, এক্সেল ও পাওয়ার পয়েন্ট ইত্যাদি বিষয়ে দক্ষ হইতে হইবে; (৩) কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে নিম্নমান সহকারী/সমমানের পদে ৩ বৎসরের চাকুরির অভিজ্ঞতা থাকিতে হইবে; (গ) সমযোগ্যতা সম্পন্ন অভিজ্ঞ সামরিক বাহিনীর (অবঃ) সদস্যগণও আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়ঃসীমা শিথিলযোগ্য।

শর্তাবলী:

১। আগ্রহী প্রার্থীদের স্বহস্তে পূরণকৃত আবেদনপত্র ০৯ নভেম্বর, ২০১৭ তারিখ, অফিস সময় (০৮০০-১৪৪০ ঘটিকা)-এর মধ্যে রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬ ঠিকানায় পৌঁছাইতে হইবে। আবেদন ফরম সমূহ এই বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট **www.bsmrmu.edu.bd** বা রেজিস্ট্রার অফিস হইতে সংগ্রহ করা যাইবে। প্রার্থীত পদের নাম খামের উপর স্পষ্টাক্ষরে উল্লেখ করিতে হইবে। আবেদনপত্রের সাথে প্রার্থীর বর্তমান ঠিকানাসহ ১০ টাকার ডাকটিকেট সম্বলিত ফেরত খাম সংযুক্ত করিতে হইবে।

২। বিএসএমআরএমইউ জেনারেল ফান্ড-এর অনুকূলে যে কোন তফশিলী ব্যাংক হইতে ১-৩ নং পদের জন্য ৮০০/০০ (আটশত) এবং ৪ নং পদের জন্য ২০০/০০ (দুইশত),টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করিতে হইবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর, ব্যাংকের নাম, শাখা, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করিতে হইবে।

৩। প্রার্থীকে আবেদনপত্রের সাথে সদ্যতোলা ৫ সে.মি. x ৫ সে.মি. সাইজের ০৩ (তিন) কপি রঙিন সত্যায়িত ছবি এবং অভিজ্ঞতার সনদের সত্যায়িত অনুলিপি ব্যতীত অন্য কোন কাগজপত্র জমা দিতে হইবে না। তবে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হইলে/বাছাই বোর্ডের সাক্ষাৎকারের পূর্বে প্রয়োজনীয়

F. Ah
15/10/17

কাগজ পত্র জমা দিতে হইবে।

৪। মুক্তিযোদ্ধা,শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা কোটার প্রার্থীদের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়েরসংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত সনদের সত্যায়িত কপি ও অন্যান্য কোটার ক্ষেত্রে সংশ্লিষ্টকর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হইলে/বাছাই বোর্ডের সাক্ষাৎকারের পূর্বে জমা দিতে হইবে। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারী নীতিমালা অনুসরণ করা হইবে।

৫। ৩০ অক্টোবর ২০১৭ তারিখে প্রার্থীর বয়স সর্বোচ্চ বয়ঃসীমার মধ্যে থাকিতে হইবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে নির্ধারিত বয়সসীমা বিধিমতে শিথিলযোগ্য। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে উচ্চতর পদে আবেদনের জন্য বয়ঃসীমা প্রযোজ্য নহে। বিভাগীয় প্রার্থী বলতে এই বিশ্ববিদ্যালয়ে সংশ্লিষ্ট পদে কর্মরত স্থায়ী কর্মকর্তা/কর্মচারী।

৬। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। অসম্পূর্ণ,ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত অথবা বিলম্বে প্রাপ্ত আবেদনপত্রসমূহ বাতিল বলিয়া গণ্য হইবে। আবেদনপত্রের উপর কোন ধরনের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসাবে গণ্য হইবে। আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৭। অত্র বিশ্ববিদ্যালয়ের অধ্যয়নের মাধ্যম ইংরেজী বিধায় প্রার্থীগণকে ইংরেজীতে পারদর্শী হইতে হইবে।

৮। শিক্ষা প্রতিষ্ঠানের অভিজ্ঞতার ক্ষেত্রে নূন্যতম স্নাতক ডিগ্রী প্রদানকারী শিক্ষা প্রতিষ্ঠানে চাকুরির অভিজ্ঞতা গ্রহণযোগ্য হইবে।

৯। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষার তারিখ ডাকযোগে পত্র মারফত এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের মাধ্যমে জানানো হইবে।

১০। গ্রেডিং পদ্ধতির সঙ্গে বিভাগ/শ্রেণির সমতাকরণের ক্ষেত্রে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার জিপিএ'র জন্য শিক্ষা মন্ত্রণালয়ের-শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ সংখ্যক প্রজ্ঞাপন, তারিখ ০২ মার্চ ২০১০ এবং বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার সিজিপিএ'র জন্য শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ সংখ্যক প্রজ্ঞাপন, তারিখ ০২ জুন ২০০৯-এর (২) (ক), (খ) ও (গ) অনুসৃত হইবে।

১১। চাকুরীরত প্রার্থীদের অবশ্যই স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।

১২। উপরেল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি পাইতে পারে।

রেজিস্ট্রার
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ

F. Al